



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



স্মারক নং- ঢাকিবো/বি/অ/৩৫/নরসিংদী/ ৫৬৯

তারিখ: ২৬/০৪/২০২৩

বিষয়: অবহিতকরণ সহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: (i) মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং - ১৩৭১৫/২০২২, তারিখ ০৬/০৪/২০২৩ এর আদেশ।

(ii) বোর্ড কর্তৃক প্রেরিত পত্রের স্মারক নং ৫৫৯, তারিখ: ১৭/০৪/২০২৩।

(iii) জনাব আতিকুর রহমান, কোহিনুর জুট মিল হাই স্কুল, ঘাগটিয়া, রায়পুরা, নরসিংদী কর্তৃক মাননীয় চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা বরাবর ২৬/০৪/২০২৩ ইং তারিখে দাখিলকৃত আবেদন।

উপর্যুক্ত বিষয় সূত্রের প্রেক্ষিতে, সূত্রোক্ত (i) ক্রমিক উল্লিখিত মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং - ১৩৭১৫/২০২২, তারিখ ০৬/০৪/২০২৩ এর আদেশ মোতাবেক তা নিস্পত্তিকল্পে সূত্রোক্ত (ii) নং ক্রমিকে উল্লিখিত স্মারকমূলে বোর্ড কর্তৃক প্রেরিত পত্রের নির্দেশনা মোতাবেক, উজ্জ মামলার বাদী জনাব আতিকুর রহমান, প্রধান শিক্ষক, “কোহিনুর জুট মিল হাই স্কুল, ঘাগটিয়া, রায়পুরা, নরসিংদী” কে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অনলাইনে রেজিস্ট্রেশন, ২০২৩ সালে অনুষ্ঠিত্ব এসএসসি পরীক্ষার্থীদের ফরম পূরণ এবং আগামী ৩০/০৪/২০২৩ তারিখে অনুষ্ঠিত্ব এসএসসি পরিক্ষায় অংশগ্রহনের জন্য “রায়পুরা রাজ কিশোর রাধা মোহন উচ্চ বিদ্যালয়”, রায়পুরা, নরসিংদী উচ্চ বিদ্যালয়টি উপরোক্তিত বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করে ইতোমধ্যে বোর্ড কর্তৃক ৪৪ (চুয়াল্লিশ) জন শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করেছেন মর্মে বোর্ড অবহিত হয়েছে।

সূত্রোক্ত (iii) ক্রমিক উল্লিখিত জনাব আতিকুর রহমান, কোহিনুর জুট মিল হাই স্কুল, ঘাগটিয়া, রায়পুরা, নরসিংদী কর্তৃক দাখিলকৃত আবেদনের চাহিত তথ্য পর্যালোচনা করে দেখা যায় যে,

১. অন্য শিক্ষা প্রতিষ্ঠান থেকে আগত ০৬ (ছয়) জন রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থীর ছাড়পত্র (টি. সি) গ্রহণ/ প্রদানের ক্ষেত্রে প্রধান শিক্ষক, “কোহিনুর জুট মিল হাই স্কুল, ঘাগটিয়া, রায়পুরা, নরসিংদী” নামক প্রতিষ্ঠানটি বিধিবিহীনভূত ভাবে ছাড়পত্র (টি.সি) এর আবেদন গ্রহণ করেন।
২. বোর্ডের সকল ছাড়পত্র (টি.সি) অনলাইন (e-TC) পোর্টাল এর মাধ্যমে নির্ধারিত সময় এবং বোর্ড কর্তৃক নির্ধারিত ফি প্রদান পূর্বক প্রয়োজনীয় সকল কার্যক্রম সম্পন্ন করা হয়।

উল্লেখ্য যে, অন্য শিক্ষা প্রতিষ্ঠান থেকে আগত ০৬ (ছয়) জন রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থীর জন্য প্রধান শিক্ষক, “কোহিনুর জুট মিল হাই স্কুল, ঘাগটিয়া, রায়পুরা, নরসিংদী ২৬/০৪/২০২৩ তারিখে ম্যানুয়ালি বিধিবিহীনভূত ভাবে ছাড়পত্র (টি.সি) এর জন্য দাখিলকৃত আবেদনটি করেছেন, যা গ্রহণযোগ্য নয়।

উক্ত ০৬ (ছয়) জন শিক্ষার্থীর ফরম পূরণের জন্য, ফরম পূরণের সম্ভাব্য তালিকায় স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানে তাদের নাম অন্তর্ভুক্ত রয়েছে। সেক্ষেত্রে উক্ত অনিয়মিত শিক্ষার্থীদের ফরম পূরণ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের (কোহিনুর জুট মিল হাই স্কুল, গৌরিপুর, রায়পুরা, নরসিংদী) মাধ্যমে সম্পন্ন করা বিধিসম্মত হবে।

৩. ০৩ (তিনি) জন অনিয়মিত শিক্ষার্থী (২০২১-২২ শিক্ষাবর্ষ ব্যতীত) যারা “কোহিনুর জুট মিল হাই স্কুল, গৌরিপুর, রায়পুরা, নরসিংদী” এর নামে রেজিস্ট্রেশনধারী এবং উক্ত শিক্ষার্থীদের ফরম পূরণের জন্য, ফরম পূরণের সম্ভাব্য তালিকায় তাদের নাম অন্তর্ভুক্ত রয়েছে। সেক্ষেত্রে উক্ত অনিয়মিত শিক্ষার্থীদের ফরম পূরণ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের (কোহিনুর জুট মিল হাই স্কুল, গৌরিপুর, রায়পুরা, নরসিংদী) মাধ্যমে সম্পন্ন করা বিধিসম্মত হবে।

আরও উল্লেখ্য যে, সূত্রোক্ত (i) এবং (ii) ক্রমিক উল্লিখিত যথাক্রমে মহামান্য হাইকোর্ট বিভাগের প্রদত্ত আদেশ (রীট পিটিশন নং - ১৩৭১৫/২০২২, তারিখ ০৬/০৪/২০২৩) এবং বোর্ড কর্তৃক প্রেরিত পত্রের নির্দেশনা মোতাবেক তা নিস্পত্তিকল্পে উপরোক্তিত বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য গত ১৮/০৪/২০২৩ তারিখ থেকে বোর্ডের অনলাইন পোর্টাল খোলা রয়েছে। সেক্ষেত্রে উক্ত ০৯ (নয়) জন শিক্ষার্থীর মানবিক দিক বিবেচনা করে রেজিস্ট্রেশনকৃত স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে ফরম পূরণের (এসএসসি পরীক্ষা ২০২৩) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাক্ষর:

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

প্রাপক ১। প্রধান শিক্ষক

রায়পুরা রাজ কিশোর রাধা মোহন উচ্চ বিদ্যালয়, রায়পুরা, নরসিংদী।

২। জনাব আতিকুর রহমান (প্রধান শিক্ষক)

কোহিনুর জুট মিল হাই স্কুল, ঘাগটিয়া, রায়পুরা, নরসিংদী,

রীট পিটিশনার, রীট পিটিশন নং - ১৩৭১৫/২০২২।

মেমো নং- ৫৬৯(১১)

তারিখ: ২৬/০৪/২০২৩

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

২। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা (ফরম পূরণের ব্যবস্থা সহ প্রয়োজনীয় কার্যার্থে)।

৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা (e-FF এর মাধ্যমে ফরম পূরণ প্রয়োজনীয় কার্যার্থে)।

৪। উপজেলা নির্বাহী অফিসার, রায়পুরা, নরসিংদী।

৫। জেলা শিক্ষা অফিসার, নরসিংদী।

৬। ভরপ্রাণ কর্মকর্তা, রায়পুরা থানা, নরসিংদী।

৭। প্রধান শিক্ষক, কোহিনুর জুট মিল হাই স্কুল, গৌরিপুর, রায়পুরা, নরসিংদী।

৮। প্রধান শিক্ষক, রামনগর হাই স্কুল, রায়পুরা, নরসিংদী।

৯। প্রধান শিক্ষক (ভরপ্রাণ), রাজপ্রসাদ - মামুদপুর উচ্চ বিদ্যালয়, রায়পুরা, নরসিংদী।

১০। পি.এস.টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

১১। অফিস কপি।

২৬/০৪/২০২৩
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

২৬/০৪/২০২৩